# প্রাইমারি স্কুলে শিক্ষকতার টেট পরীক্ষা

পরীক্ষা প্রস্তুতি

রাজ্যের প্রাথমিক স্কুলগুলিতে প্রথম থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত শিক্ষকতার জন্য অন্যান্য প্রয়োজনীয় যোগ্যতার সঙ্গে টেট পাশ হওয়া চাইই। পরীক্ষার প্রস্তুতি সহায়তার জন্য ধারাবাহিকভাবে দেওয়া হচ্ছে জীবিকা দিশারীর প্র্যাক্টিস সেট।

মোট ১৫০ নম্বরের লিখিত পরীক্ষা হবে। সময়সীমা দেড় ঘন্টা। ১৫০ নম্বরের মধ্যে ন্যূনতম ৬০ শতাংশ নম্বর পেলে প্রার্থীকে টেট উত্তীর্ণ বলে ঘোষণা করা হবে, সার্টিফিকেট দেওয়া হবে, যা বৈধ থাকবে ৩ বছর। সুতরাং ১৫০ নম্বরের মধ্যে কমপক্ষে ৯০ নম্বর পেতে হবে। সংরক্ষিত শ্রেণির জন্য টেট পাশের নম্বর ৫৫ শতাংশ। পরীক্ষার সিলেবাস প্রকাশিত না হলেও এনসিটিইর নিয়ম অনুযায়ী থাকবে চাইল্ড ডেভেলপমেন্ট ৩০ নম্বর, প্রথম ভাষা (বাংলা/হিন্দি/উর্দু/নেপালি/সাঁওতালি/ওড়িয়া/ তেলুগু– নির্ধারিত হবে সংশ্লিষ্ট স্কুলের ভাষামাধ্যম অনুযায়ী) ৩০ নম্বর, দ্বিতীয় ভাষা (ইংরেজি) ৩০ নম্বর, অঙ্ক ৩০ নম্বর এবং এনভায়রনমেন্টাল সায়েন্স ৩০ নম্বর। প্রথম ভাষা হিসাবে ইংরাজির কথা বলা হয়নি এবং সবার ক্ষেত্রেই দ্বিতীয় ভাষা হিসাবে ইংরাজি থাকতে হবে। পরীক্ষা হবে সারা রাজ্যে একইদিনে।

## শিশু মনস্তত্ত্ব ও শিক্ষাবিজ্ঞান

**১. সংবেদন .............. থেকে উৎপত্তি লাভ করে।**
(ক) জ্ঞানেন্দ্রিয় (খ) কর্মেন্দ্রিয় (গ) স্পর্শেন্দ্রিয় (ঘ) কোনোটি সঠিক নয়
**২. 'প্রত্যক্ষণ হল সংবেদন ও স্মৃতির সমন্বয়'— এই উক্তি কে করেছেন?**
(ক) ওয়াসিম বারি (খ) আলমন মারি (গ) ফিফস বারি (ঘ) ম্যাগডুগাল
**৩. সংবেদন শুধুমাত্র বস্তু সম্পর্কে জ্ঞান। প্রত্যক্ষণ হল সংবেদন এবং ................... বিশ্লেষণাত্মক জ্ঞান।**
(ক) বিশ্বাসের (খ) উত্তেজনার (গ) নিষ্ক্রিয়তার (ঘ) সাময়িক আয়োজনের
**৪. শিখন প্রক্রিয়ার গুরুত্ব কোনটির সঙ্গে যুক্ত নয়?**
(ক) সংলক্ষণ (খ) পুনরুদ্রেক (গ) অনুসরণ (ঘ) পুনরভীক্ষা
**৫. বস্তুচেতনা ও স্থান নিরূপণ প্রত্যক্ষণের কোন স্তর?**
(ক) প্রথম (খ) দ্বিতীয় (গ) তৃতীয় (ঘ) চতুর্থ
**৬. 'আগ্রহ হল সুপ্ত মনোযোগ'— কে বলেছেন?**
(ক) স্পেনসার (খ) রাসেল (গ) হার্বার্ট (ঘ) ড্রেভার
**৭. মনোযোগকে কতগুলি ভাগে ভাগ করা হয়েছে?**
(ক) ২ (খ) ৩ (গ) ৪ (ঘ) ৫
**৮. পরিণমনকে কেন জীবনব্যাপী প্রক্রিয়া বলা হয় না?**
(ক) এই প্রক্রিয়া নির্দিষ্ট সময়ে শুরু হয় এবং নির্দিষ্ট সময়ে শেষ হয় (খ) এটি একটি চলমান প্রক্রিয়া (গ) এই প্রক্রিয়া পরিবেশের ওপর নির্ভরশীল (ঘ) এই প্রক্রিয়া যখন- তখন শেষ হতে পারে
**৯. ফ্রয়েডের মতে অসজ্ঞান চেতনার কোন স্তর?**
(ক) প্রথম (খ) দ্বিতীয় (গ) তৃতীয় (ঘ) চতুর্থ
**১০. তাজমহল দেখলে আমাদের শাহজাহানের কথা মনে পড়ে যায়। এটি কী ধরনের প্রত্যক্ষণ?**
(ক) অভিভাবন (খ) বুদ্ধি বিকাশ (গ) উদ্দীপনা (ঘ) সংনমন

**উত্তর**
১. (ক) ২. (গ) ৩. (ক) ৪. (গ) ৫. (ঘ) ৬. (ঘ) ৭. (ক) ৮. (ক) ৯. (গ) ১০. (ক)

## প্রথম ভাষা: ভাষা

**১. 'অব+ছেদ' - এর সন্ধিবদ্ধ পদটি কী হবে?**
(ক) অবোচ্ছেদ (খ) অবছেদ (গ) অবচ্ছেদ (ঘ) অবোছেদ
**২. আচ্ছন্ন- এর সন্ধিবিচ্ছেদ কী হবে?**
(ক) আঃ+ছন্ন (খ) আ+চ্ছন্ন (গ) আ+ছন্ন (ঘ) আচ্+ছন্ন
**৩. বালির বাঁধ— কোন ধরনের সমাস?**
(ক) বহুব্রীহি সমাস (খ) দ্বিগু সমাস (গ) উপপদ তৎপুরুষ (ঘ) অলুক করণ তৎপুরুষ
**৪. পরাৎপর— কোন ধরনের সমাস?**
(ক) অলুক অপাদান তৎপুরুষ (খ) দ্বন্দ্ব সমাজ (গ) উপমান কর্মধারয় (ঘ) উপপদ তৎপুরুষ
**৫. শৈশব— ব্যুৎপত্তি কী হবে?**
(ক) শিশু+ইব (খ) শিশু+ষ্ণ (গ) শিশু+ক্ত (ঘ) শিশু+ইবন
**৬. 'আশ্রয়' শব্দটির পদান্তর করুন।**
(ক) দুঃ+দান্ত (খ) দুর+দান্ত (গ) দুর্দা+ন্ত (ঘ) দুঃ+আন্ত
**৭. চক্রাকারে— সন্ধিবিচ্ছেদ করুন।**
(ক) চক্র+আকারে (খ) চক্রা+কারে (গ) চক্রঃ+কারে (ঘ) চক্র+কারে
**৮. জীবনস্রোত— ব্যাসবাক্য লিখুন।**
(ক) জীবনের স্রোত (খ) জীবন রূপ স্রোত (গ) জীবন স্রোতের মতো (ঘ) স্রোত যে জীবন
**৯. মধুর শব্দের পদান্তর করুন।**
(ক) মাধুরতা (খ) মাধুর্যতা (গ) মধুরতা (ঘ) মধুরতর
**১০. অবসন্ন শব্দের পদান্তর করুন।**
(ক) অবসাদ (খ) অবসৃত (গ) অবসরিত (ঘ) অবসরণ

**উত্তর**
১. (গ) ২. (গ) ৩. (ঘ) ৪. (ক) ৫. (খ) ৬. (ক) ৭. (ক) ৮. (খ) ৯. (গ) ১০. (ক)

## SECOND LANGUAGE: ENGLISH

**Directions (Q 1-5): In questions given below out of four alternatives, choose the one which can be substituted for the given word/ sentence.**
**1. Extreme old age when a man behaves like a fool**
(a) Imbecility (b) Senility (c) Dotage (d) Superannuation
**2. That which cannot be corrected**
(a) Unintelligible (b) Indelible (c) Illegible (d) Incorrigible
**3. The study of ancient societies**
(a) Anthropology (b) Archaeology (c) History (d) Ethnology
**4. A person of good understanding, knowledge and reasoning power**
(a) Expert (b) Intellectual (c) Snob (d) Literate
**5. A person who insists on something**
(a) Disciplinarian (b) Stickler (c) Instantaneous (d) Boaster

***Directions (Q 6-10): In the following questions choose the word which best expresses the meaning of the given word.***
**6. Part**
(a) Portion (b) Whole (c) Division (d) None of these
**7. Active**
(a) Energetic (b) Please (c) Alert (d) Heroic
**8. Ordinary**
(a) Apathy (b) Usual (c) Atrocious (d) Rare
**9. Entire**

(a) Whole (b) Renounce (c) Partial (d) Return

**10. Lonely**

(a) Crowded (b) Mystery (c) Solitary (d) Accompany

**ANSWERS**

1. (c) 2. (d) 3. (b) 4. (b) 5. (b) 6. (a) 7. (a) 8. (b) 9. (a) 10. (c)

## পরিবেশ বিদ্যা

**১. মরুভূমিতে বাসকারী উদ্ভিদের পত্রের বহিস্তক নিম্নলিখিত কোন প্রকারের হয়?**

(ক) পাতলা ও মোম দ্বারা আবৃত (খ) মোটা ও মোম দ্বারা আবৃত (গ) পাতলা ও মোম দ্বারা আবৃত নয় (ঘ) মোটা কিন্তু মোম দ্বারা আবৃত নয়

**২. হিমালয় সৃষ্টি হয় প্রায় ..............**

(ক) ১ লক্ষ বছর আগে (খ) ১ কোটি বছর আগে (গ) ৫ কোটি বছর আগে (ঘ) ৫০ কোটি বছর আগে

**৩. পর্বতীয় অঞ্চলে প্রধান পরিবেশ বিপর্যয় কী?**

(ক) বন্যা (খ) খরা (গ) সাইক্লোন (ঘ) ভূমিস্খলন

**৪. ভারতের বৃহত্তম পক্ষী অভয়ারণ্য কোথায় অবস্থিত?**

(ক) ঘানা, রাজস্থান (খ) বন্দিপুর, কর্নাটক (গ) কাজিরাঙ্গা, অসম (ঘ) জলদাপাড়া, পশ্চিমবঙ্গ

**৫. ম্যানগ্রোভ জাতীয় বনভূমি কোথায় দেখা যায়?**

(ক) লবণাক্ত জলাভূমিতে (খ) শুষ্ক অঞ্চলে (গ) স্বাদু জলের জলাভূমিতে (ঘ) অক্সিজেন বিহীন অঞ্চলে

**৬. পৃথিবীর তাপমাত্রা বৃদ্ধি পেলে ................**

(ক) মেরুর তুষার গলে যাবে (খ) সমুদ্রের জলের তল বৃদ্ধি পাবে (গ) সমুদ্রতীরবর্তী শহরগুলি জলে নিমজ্জিত হবে (ঘ) উপরোক্ত সবকটি ঘটনা ঘটবে

**৭. অম্লবৃষ্টির দ্বারা নিম্নলিখিত কোনটি সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়?**

(ক) মার্বেল পাথর দ্বারা নির্মিত মনুমেন্ট (খ) কাঠ দ্বারা নির্মিত দুর্গ (গ) গ্র্যানাইট দ্বারা নির্মিত স্মৃতিসৌধ (ঘ) পোড়ামাটির দ্বারা নির্মিত শিল্পকলা

**৮. মনুষ্যনির্মিত পরিবেশের নাম কী?**

(ক) টেকনোস্ফিয়ার (খ) বায়োস্ফিয়ার (গ) ন্যানোস্ফিয়ার (ঘ) ইউস্ফিয়ার

**৯. ভারতের নিচের কোথায় তামার আকরিক পাওয়া যায়?**

(ক) সিংভূমে (খ) রানিগঞ্জে (গ) গোয়ায় (ঘ) বিশাখাপত্তনমে

**১০. জেরোফাইটিক উদ্ভিদ দেখা যায় কোথায়?**

(ক) তৃণভূমিতে (খ) পর্ণমোচী অরণ্যে (গ) অতিমাত্রায় বৃষ্টিপাত হয় যে অঞ্চলে (ঘ) মরুভূমি অঞ্চলে

**উত্তর**

১. (খ) ২. (গ) ৩. (ঘ) ৪. (ক) ৫. (ক) ৬. (ঘ) ৭. (ক) ৮. (ক) ৯. (ক) ১০. (ঘ)

## অঙ্ক

**1. কোন পরীক্ষায় 35% ছাত্রছাত্রী ইংরেজিতে, 24% ছাত্রছাত্রী বাংলায় এবং 14% ছাত্রছাত্রী উভয় বিষয়ে ফেল করেছে। উভয় বিষয়ে পাশ করা ছাত্রছাত্রী সংখ্যা কত শতাংশ?**

(a) 40% (b) 45% (c) 50% (d) 55%

**2. একটি খেলনার ওপর 20% ছাড় দিতে চাইলে দোকানদারকে খেলনাটি 300 টাকায় বিক্রয় করতে হবে। যদি সে খেলনাটি 405 টাকায় বিক্রয় করে, তবে তার শতকরা লাভ বা ক্ষতি নির্ণয় করুন।**

(a) 8% (b) 10% (c) 9% (d) 18%

**3. একজন ক্রিকেটার 17তম ইনিংসে 85 রান করল এবং আগের 16 ইনিংসে তার রানের গড় 3 বৃদ্ধি পায়। তবে 17 তম ইনিংসের পর তার রানের গড় কত ছিল?**

(a) 31 (b) 37 (c) 40 (d) 33

**ANSWERS**

1. (d) মনে করুন, মোট পরীক্ষার্থীর সংখ্যা = 100. 35% ছাত্র-ছাত্রী ইংরেজিতে ফেল করেছে। অতএব, ইংরেজিতে ফেল করেছে = (100-এর 35%) জন বা 35 জন। 24% ছাত্র-ছাত্রী বাংলায় ফেল করেছে। অতএব, বাংলায় ফেল করেছে = (100-এর 24%) জন বা 24 জন।

আবার, উভয় বিষয়ে ফেল করেছে 14% ছাত্র-ছাত্রী।

অতএব উভয় বিষয়ে ফেল করেছে = (100-এর 14%) বা 14 জন

অতএব শুধু ইংরেজিতে ফেল করেছে = (35 – 14) = 21 জন

অতএব শুধু বাংলায় ফেল করেছে = (24 – 14) = 10 জন

শুধু ইংরেজিতে ফেল করেছে, শুধু বাংলায় ফেল করেছে, উভয় বিষয়ে ফেল করেছে = (21 + 10 + 14) জন বা 45 জন

অতএব উভয় বিষয়ে পাশ করেছে = (100 – 45) জন বা 55 জন অর্থাৎ 55%.

2. (a) নির্ধারিত মূল্য = $300\times 300\times\frac{100}{80}$ = 375 টাকা। যেহেতু, 20% ছাড় দেওয়া হয়েছিল তাই calculating figure-গুলি হবে 100 এবং (100 – 20) বা 80।

অতএব, লাভ = $\left(\frac{\text{selling price} - \text{marke price}}{\text{Marke price}}\times 100\right)\%$

$= \left(\frac{405-375}{375}\times 100\right)\% = 8\%$

3. (a) মনে করুন, 16 ইনিংসে তার রানের গড় x.

16 ইনিংসে মোট রান করে = (16_5x) = 16x

17 ইনিংসে রানের গড় = (x + 3)

17 ইনিংসে রানের সমষ্টি = (x + 3)×17

আবার, 17 তম ইনিংসে মোট রান (16x + 85)

শর্তানুসারে,

$(x + 3)17 = 16x + 85$

Or, $17x + 51 = 16x + 85$

Or, $17x – 16x = 85 – 51$

$\therefore\ x = 34.$

$\therefore$ 17 তম ইনিংসের পর তার রানের গড় ছিল– (34 + 3) = 37.